

# প্রথম আলো

১৪-৯-২০২০

## করোনাকালে রাজস্ব আদায়ে সারা দেশের মধ্যে শীর্ষে

কুমিল্লা কাস্টমস কার্যালয়

নিজস্ব প্রতিবেদক, কুমিল্লা

নিয়মিত অতিথান, মামলা নিষ্পত্তি, পুরস্কার ও তদারক কার্যক্রম জোরদার করায় করোনাভাইরাস সংক্রমণের এই সময়েও কুমিল্লা কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট অফিসের উদ্যোগে রাজস্ব আদায় বেড়েছে। জাতীয় রাজস্ব বোর্ডের অধীন শুদ্ধ, আয়কর ও ভ্যাট অফিসগুলোর মধ্যে কুমিল্লা কমিশনারেট রাজস্ব প্রবৃদ্ধিতে শীর্ষ স্থানে রয়েছে।

গতকাল রোববার বিকেলে কুমিল্লার সহকারী কমিশনার মোহাম্মদ ছালাউদ্দিন স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বলা হয়, এ বছরের আগস্ট মাসে রাজস্ব আদায় হয়েছে ১৬০

কোটি টাকা। গত বছরের আগস্টে আদায় হয়েছিল ৫৬ কোটি টাকা। এই ক্ষেত্রে প্রবৃদ্ধি হয়েছে ১৮৬ শতাংশ। এ বছরের জুলাই মাসে রাজস্ব আদায় হয় ১৯৮ কোটি টাকা। গত বছরের জুলাই মাসে ১৭১ কোটি টাকা আদায় হয়েছিল।

সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, বর্তমান কমিশনার মোহাম্মদ বেলাল হোসাইন চৌধুরী বৃহত্তর কুমিল্লা ও নোয়াখালী জেলার করদাতাদের সচেতন করতে নানা প্রচেষ্টা চালান। একই সঙ্গে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুদ্ধ আইন ২০১২ সুষ্ঠুভাবে মেনে কাজ করার তাগিদ দেন। বিভিন্ন ধরনের মামলা নিষ্পত্তির কারণেও রাজস্ব বেড়েছে।

কমিশনার বলেন, কুমিল্লায় ৫১১ জনবলের মধ্যে বর্তমানে ২১১ জন কাজ করছেন। ৩৪০টি পদ শূন্য। এখানকার ওই কর্মকর্তা ও কর্মচারীরা মাঠপর্যায়ে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন।